



বাংলাদেশ দূতাবাস

ব্যাংকক

## স্পেস বিজ্ঞপ্তি

নং ১৩৫

### বাংলাদেশ দূতাবাস, ব্যাংককে বর্ষবরণ উৎসব ১৪৩০ উদযাপন

ব্যাংকক, ৭ মে ২০২৩

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক এ আজ বর্ষবরণ উৎসব ১৪৩০ উদযাপন করা হয়। সকালে দূতাবাসে পিঠা উৎসব এর মাধ্যমে দিনের কর্মসূচির সূচনা করা হয়, যেখানে বিভিন্ন ধরনের ঐতিহ্যবাহী বাংলাদেশি পিঠা ও মিষ্টান্ন পরিবেশন করা হয়। ঐতিহ্যবাহী এ সকল খাদ্যের মধ্যে ছিল নাড়ু/মোয়া, জিলাপী, পাটি শাপটা পিঠা, পিয়াজু, বেগুনী, লাঙ্গু, চটপটি, পাকোন পিঠা, পুলি পিঠা, আলুর চপ, রসগোল্লা, পাকান পিঠা, তেলের পিঠা ইত্যাদি। আমন্ত্রিত অতিথিবৃন্দ এ সকল পিঠা, মিষ্টান্ন ও অন্যান্য মুখরোচক খাদ্যদ্রব্যের স্বাদ গ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে থাইল্যান্ড নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই সকলকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জ্ঞাপন করেন।

বৈশাখী অনুষ্ঠানের দ্঵িতীয় অংশে ছিল একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। ‘এসো হে বৈশাখ এসো’ গানের মধ্য দিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। এছাড়া, অনুষ্ঠানে বিভিন্ন ধরনের বাংলা গান, নাচ ও কবিতা আবৃত্তি করা হয়। অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশি শিশু কিশোরদের অংশগ্রহণে একটি মনোমুগ্ধকর ফ্যাশন শো প্রদর্শন করা হয়। উপস্থিত সুধীমন্ডলী আনন্দ ও মুগ্ধতার সাথে সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের মাঝে শুভেচ্ছা উপহার বিতরণ করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে উপস্থিত সকলে দুপুরের মধ্যাহ্ন ভোজে অংশগ্রহণ করেন। সেখানে বিভিন্ন প্রকারের ভর্তাসহ বাঙালি রসনায় অতিথিবৃন্দকে আপ্যায়িত করা হয়।

দূতাবাস কর্তৃক আয়োজিত এ বর্ষবরণ উৎসবে দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী ও প্রবাসী বাংলাদেশি কমিউনিটির প্রায় দুই শতাব্দিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

